

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ইলেক্ট্রনিক স্বাক্ষর সার্টিফিকেট প্রদানকারী কর্তৃপক্ষের নিয়ন্ত্রক (সিসিএ)-এর কার্যালয়
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা ১২০৭।
www.cca.gov.bd

বিষয় : জানুয়ারি, ২০১৯ ইনোভেশন কমিটির সভার কার্যবিবরণী।
সভাপতি : জনাব আবুল খায়ের মোঃ আক্বাস আলী, উপ-নিয়ন্ত্রক (আইসিটি)
স্থান : সিসিএ কার্যালয়, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা।
তারিখ ও সময় : ২৩.০১.২০১৯ খ্রি: বেলা ১২:০০ টা।


সভায় উপস্থিত কর্মকর্তা/কর্মচারীবৃন্দ: পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য।

সভাপতি সিসিএ কার্যালয়ের উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতি মহোদয় ইনোভেশন টিমের সদস্যবৃন্দকে স্ব-প্রণোদিত হয়ে কাজ করার আহ্বান জানান। এ সভার গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নের প্রতি কর্মকর্তাগণকে বিশেষ গুরুত্ব দেয়ার নির্দেশ দেন। সভার কার্যপত্রের আলোচ্যসূচি অনুযায়ী আলোচনা করেন।

আলোচ্য বিষয়	পূর্ববর্তী সভার আলোচনা	সভার আলোচনা ও সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্মকর্তা
১। ইনোভেশন কার্যক্রম	ক) ২০.১১.২০১৮ খ্রি: তারিখে ই-সাক্ষর সফটওয়্যার হোস্টিং করার জন্য জাতীয় ডাটা সেন্টারে ০৩ (তিন) টি সার্ভার স্থাপন ও ০৩ (তিন) টি আইপি এ্যাড্রেস বরাদ্দের জন্য বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল বরাবর পত্র প্রেরণ করা হয়েছে। খ) সিসিএ কার্যালয় হতে ২০১৭-১৮ অর্থবছরের ইনোভেশন কার্যক্রম হিসেবে বাস্তবায়নকৃত ছুটি ব্যবস্থাপনা সফটওয়্যারটি বিভিন্ন মন্ত্রণালয়/দপ্তর/সংস্থায় রেপলিকেশনের উদ্যোগ গ্রহণ করা প্রয়োজন। সেপ্রেক্ষিতে উক্ত সফটওয়্যারের ডকুমেন্টেশন, ব্যবহার বিধি ও লিফলেট প্রস্তুত করা প্রয়োজন এবং বিভিন্ন ওয়ার্কশপের মাধ্যমে সফটওয়্যারটি প্রদর্শন করা যেতে পারে।	ক) বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল যোগাযোগ অব্যাহত রাখতে হবে। খ) সিসিএ কার্যালয় হতে ২০১৭-১৮ অর্থবছরের ইনোভেশন কার্যক্রম হিসেবে বাস্তবায়নকৃত ছুটি ব্যবস্থাপনা সফটওয়্যারটি বিভিন্ন মন্ত্রণালয়/দপ্তর/সংস্থায় রেপলিকেশনের উদ্যোগ গ্রহণ করতে হবে।	ইনোভেশন টিমের সদস্যবৃন্দ
	গ) ২০১৮-১৯ অর্থবছরের ইনোভেশন কার্যক্রম হিসেবে Training Calendar Software তৈরীর জন্য ০৬.১২.২০১৮ খ্রি: তারিখে দরপত্র আহ্বান করা হয়। ২৭.১২.২০১৮ খ্রি: তারিখে দরপত্র উন্মুক্ত করা হয় এবং ১৩ জানুয়ারী ২০১৯ খ্রি: তারিখে দরদাতাকে কার্যাদেশ প্রদান করা হয়।	খ) সফটওয়্যার উন্নয়ন কার্যক্রম নির্ধারিত সময়ে সম্পন্ন করতে হবে এবং সময় সময় সফটওয়্যার ডেভলপারের সাথে সিসিএ কার্যালয়ের কর্মকর্তাগণ আলোচনা করবে।	ইনোভেশন টিমের সদস্যবৃন্দ এবং সিসিএ কার্যালয়ের সকল কর্মকর্তা/কর্মচারী

২। কর্মশালা	তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের ইনোভেশন সভার সিদ্ধান্ত অনুযায়ী এ বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থার ইনোভেশন টিমের সদস্যদের নিয়ে ০১ দিনের কর্মশালা আয়োজনের নির্দেশনা রয়েছে।	তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের ইনোভেশন সভার সিদ্ধান্ত অনুযায়ী এ বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থার ইনোভেশন টিমের সদস্যদের নিয়ে ১২ ফেব্রুয়ারি ২০১৯ তারিখে ০১ দিনের কর্মশালা আয়োজন করবে।	
৩। সফটওয়্যার টেস্টিং	গত ২৪ ডিসেম্বর ২০১৮ তারিখে এ কার্যালয়ের ইনোভেশনের আওতায় প্রস্তুতকৃত সফটওয়্যার সমূহের Security test, functional test এবং পারফরমেন্স টেস্ট করার জন্য বিসিসি'কে পত্র প্রেরণ করা হয়েছে। বিসিসি কার্যালয়ের সকল কর্মকর্তা কর্তৃক পারফরমেন্স টেস্ট করা হচ্ছে।	এ কার্যালয়ের ইনোভেশনের আওতায় প্রস্তুতকৃত সফটওয়্যার সমূহের Security test, functional test এবং পারফরমেন্স টেস্ট করার জন্য বিসিসি'র সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে।	ইনোভেশন টিমের সদস্যবৃন্দ
৪ বিবিধ:	বিসিসি কার্যালয়ে ই-নথি কার্যক্রম আরও ত্বরান্বিত করা প্রয়োজন। ইতোমধ্যে সকল নথি কার্যক্রম ই-নথিতে সম্পন্ন হচ্ছে। কিন্তু ই-নথিতে নথি নিষ্পন্নকরণ সহ পত্র জারি আরও দ্রুততার সহিত সম্পন্ন করা প্রয়োজন। এ কার্যালয়ের ০৩ জন কর্মকর্তা ই-নথিতে ডিজিটাল স্বাক্ষর ব্যবহার করছে।	সকল নথি কার্যক্রম ই-নথিতে আরও দ্রুততার সহিত সম্পন্ন করতে হবে। পর্যায়ক্রমে এ কার্যালয়ের সকল কর্মকর্তাকে ই-নথিতে ডিজিটাল স্বাক্ষর সংযুক্ত করার ব্যবস্থা গ্রহণ করতে হবে।	বিসিসি কার্যালয়ের সকল কর্মকর্তা/কর্মচারী

আর কোন আলোচনার বিষয় না থাকায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভা সমাপ্তি ঘোষণা করেন।


 আবুল খায়ের মোঃ আক্কাস আলী
 উপ-নিয়ন্ত্রক (আইসিটি)
 ☎: +৮৮ ০২-৮১৮১৭০৯
 akkas.ali@cca.gov.bd

স্মারকনং-৫৬.০৩.০০০০.০০৩.০৫.০০৭.১৬-২৬

তারিখ: ১০ মাঘ ১৪২৫
২৩ জানুয়ারি ২০১৯

বিতরণ: সদয় অবগতি জন্য ও কার্যার্থে

- ১। উপ-নিয়ন্ত্রক (অর্থ, প্রশাসন ও আইন/ আইসিটি/ সাইবার অপরাধ ও নিরাপত্তা), বিসিসি কার্যালয়, আগারগাঁও, ঢাকা-১২০৭।
- ২। সহকারী নিয়ন্ত্রক (অর্থ ও প্রশাসন/ আইন/ আইসিটি সিকিউরিটি / ইমার্জেন্সি রেসপন্স/ডাটাবেজ ও ওয়েব অ্যাডমিনিস্ট্রেশন) বিসিসি কার্যালয়, আগারগাঁও, ঢাকা-১২০৭।
- ৪। জনাব তানজিলা মেহেনাজ, সহকারী নিয়ন্ত্রক (ডাটাবেজ ও ওয়েব অ্যাডমিনিস্ট্রেশন), বিসিসি কার্যালয়, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা-১২০৭। [ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ]।
- ৫। আইন কর্মকর্তা/তদন্ত কর্মকর্তা/সহকারী প্রকৌশলী, বিসিসি কার্যালয়, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা-১২০৭।
- ৬। হিসাব রক্ষক, উচ্চমান সহকারী, অফিস সহকারী, বিসিসি কার্যালয়, আগারগাঁও, ঢাকা-১২০৭।
- ৭। অফিস কপি।